রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**যোগাযোগ মন্ত্রণালয়**

**সড়ক বিভাগ**

**বিআরটিএ সংস্থাপন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ ডিসেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

**নং ৩৫.০২০.০১৭.০০.০০.০০১.২০১১-৪৮২**—দশম জাতীয় সংসদ নির্বাচন আগামী ০৫ জানুয়ারি, ২০১৪ তারিখ অনুষ্ঠিত হবে। ১৯৮৩ সালের মটর ভেহিক্যাল্‌স অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ)-এর ৮৮ ধারা অনুযায়ী দশম জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে জয়পুরহাট, রাজবাড়ী, মাদারীপুর, শরীয়তপুর ও চাঁদপুর জেলা ব্যতীত সমগ্র বাংলাদেশে ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৪ জানুয়ারি, ২০১৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ ঘটিকা হতে ০৫ জানুয়ারি, ২০১৪ তারিখ মধ্যরাত ১২.০০ ঘটিকা পর্যন্ড় নিম্নোক্ত যানবাহনসমূহ চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে ঃ

| | | |
|---|---|---|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিকশা/ইজিবাইক | (৪) জীপ | (৭) বাস |
| (২) ট্যাক্সি ক্যাব | (৫) পিক-আপ | (৮) ট্রাক |
| (৩) মাইক্রোবাস | (৬) কার | (৯) টেম্পো |

২। এছাড়া, ০৩ জানুয়ারি ২০১৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ ঘটিকা হতে ০৭ জানুয়ারি ২০১৪ তারিখ মধ্যরাত ১২.০০ ঘটিকা পর্যন্ড় মটর সাইকেল চলাচলের উপরও নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।



**মূল্য ঃ** টাকা ৪.০০

৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জর“রী কাজে যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জর“রী পণ্য সরবরাহসহ অন্যান্য জর“রী প্রয়োজনে সংশি- ষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, উলি খিত যানবাহনসমূহ চলাচলের উপর উপর্যুক্ত সময়সূচী অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশি- ষ্ট জেলা প্রশাসক এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনার-কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হল।

৫। এ নিষেধাজ্ঞা যথযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মেহেদী হাসান**
উপ-সচিব।

মোঃ নজর“ল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd